

তারিখঃ ২৯-১২-১৯ (পৃঃ ১৩)



বরিশালে ই-কৃষি শীর্ষক কর্মশালা

নাহিদ বিন রফিক

কৃষি উন্নয়নে ই-কৃষি শীর্ষক দিনব্যাপী এক আঞ্চলিক কর্মশালা গত ২৪ ডিসেম্বর বরিশালে ব্রি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কৃষি তথ্য সার্ভিস আয়োজিত দিনব্যাপী এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক মো. আফতাব উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ পোলাম মো. ইদ্রিস। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন এবং কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের পরিচালক ড. মো. সাইফুল ইসলাম। কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা নাহিদ বিন রফিকের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মো. মামুন-উর-রশিদ, ডিএই আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালক মো. তাওফিকুল আলম, ভোলায় উপপরিচালক বিনয় কৃষ্ণ দেবনাথ, কৃষি বিপণন অধিদপ্তরের উপপরিচালক (উপসচিব) মো. সেলিম, ঝালকাঠির জেলা প্রশিক্ষণ অফিসার মো. মনিরুল ইসলাম, পিরোজপুরের জেলা প্রশিক্ষণ অফিসার বিভাষ চন্দ্র সাহা, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার মো. শাহাদাত হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে ই-কৃষির ধারণা ও ব্যবহারিক দিকসমূহ, বর্তমান প্রেক্ষাপট এবং ভবিষ্যৎ ভাবনাবিষয়ক প্রবন্ধ উপস্থাপন করা হয়। কর্মশালায় কৃষকসহ কৃষিসংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অর্ধশতাধিক কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালার প্রধান অতিথি বলেন, বাংলাদেশের কৃষি এখন ডিজিটাল কৃষি। এর সেবা গ্রহণে কৃষকদের আরো সচেতন করতে হবে।